গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
উন্নয়ন অনুবিভাগ

নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-৭১ তারিখঃ ২৭.১০.২০২১ খ্রিঃ।

বিষয়ঃ পরিদর্শন প্রতিবেদন।

সূত্রঃ নং- নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-৬৯, তারিখঃ ১৯.১০.২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকপত্রের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলাধীন মগধরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেরামত ও সংস্কার কাজসহ কেন্দ্রটি পরিদর্শন প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ পরিদর্শন প্রতিবেদন ০২ ফর্দ।

২৭/১০/২০২১

মোঃ শাহাদাৎ হোসাইন
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ফোন-৯৫৪৬১২২

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
উন্নয়ন অনুবিভাগ

নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-৬৯ তারিখঃ ১৯.১০.২০২১ খ্রিঃ।

জনাব মোঃ শাহাদাৎ হোসাইন, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলাধীন মগধরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেরামত ও সংস্কার কাজ পরিদর্শন প্রতিবেদন।

বিগত ০৮/১০/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলাধীন মগধরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেরামত ও সংস্কার কাজসহ কেন্দ্রটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের চট্রগ্রাম বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ মোহসিন, সন্দ্বীপ উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব জেপি দেওয়ান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মোঃ ফজলুল করিম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মোঃ শাহনূর, সন্দ্বীপ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব বশির আহম্মদ, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের চট্টগ্রাম জেলা সহকারী প্রকৌশলী জনাব ফায়েদ আল হুসাইন, সেভ দ্যা চিলড্রেনের উপ-পরিচালক জনাব মোঃ সালাউদ্দিনসহ এলাকার নির্বাচিত জনপ্রতিনিধি ও গন্যমান্য বিশিষ্টজন উপস্থিতি ছিলেন। দীর্ঘ প্রায় ২০ বছরেরও বেশী সময় স্থাপনাটি পরিত্যাক্ত। এর কোন কারণ জানা যায়নি।

১। মগধরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি তিন তলা বিশিষ্ট। এর ২য় তলায় ক্লিনিক, ৩য় তলায় ০২ ইউনিট আবাসিক কোয়ার্টার এবং নিচ তলা ফাঁকা।

৩। মগধরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি পরিদর্শনকালে চলমান কাজের অগ্রগতি সন্তোষজনক প্রতীয়মান হয়নি। দেখা যায় কয়েকটি কক্ষ ও বাথরুমে টাইলস এর কাজ, ছাদে দুটি পানির ট্যাংক ও নতুন করে পানির লাইন স্থাপনসহ বেশ কিছু ফিটিংস সরবরাহ ও স্থাপন, সিঁড়িতে এমএস গ্রীল স্থাপন, পুরাতন দূর্বল প্লাষ্টার উত্তোলন ও পুনঃপ্লাস্টারকরণ, নতুন করে ২য় ও ৩য় তলায় বৈদ্যুতিক লাইন স্থাপন, নিচ তলায় মাটি ভরাট ও সমানকরণ, কেন্দ্রের চারিদিকের আগাছা পরিস্কারকরণ কাজ সমূহ বাস্তবায়ন করা হয়েছে।

৪। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অনেক নির্মাণ কাজ এখনও করা হয়নি। যার মধ্যে ছাদের আর.সি প্যাড ঢালাই, দরজা মেরামত কাজ, প্রতিটি কক্ষের লাইট ফিটিং, সাইন বোর্ড লেখা, হ্যালোজেন লাইট লাগানো, ফার্নিচার সরবরাহ ইত্যাদি কার বাস্তবায়ন করা হয়নি। বিল্ডিং এর রংয়ের কাজের মধ্যে বাহিরে সিলভার কালারের ওয়েদার কোর্ট রং ও ভিতরে সাদা (হালকা ব্লু) ডিসটেম্পার রং এবং গ্রীলে সিনথেটিক (বিটার চকলেট) এনামেল পেইন্ট করা হয়নি। উপস্থিত স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীকে জরুরি ভিত্তিতে অবশিষ্ট কাজসমূহ বাস্তবায়নের নির্দেশনা দেয়া হয়। কাজ বাস্তবায়নকালে গুনগত মান বজায় রেখে কাজ করার পরামর্শ দেয়া হয়। নতুন প্লাষ্টার না শুকানো পর্যন্ত এবং ভালো করে ঘষে পুরাতন রং না তুলে রং এর কাজ না করার জন্য বলা হয়।

সুপারিশসমূহঃ

১। মগধরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর করা খুবই জরুরি এলাকার জমির মূল্য অত্যাধিক বিধায় জমি বেদখলের আংশকা রয়েছে।

২। মগধরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সামনের ডোবা ভরাট করে সৌন্দর্য বৃদ্ধি করা এবং কেন্দ্রে প্রবেশের জন্য পাকা রাস্তা করে একটি গেইট নির্মাণ করা প্রয়োজন।

৩। মগধরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি জরুরি প্রসব সেবাসহ মা ও শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা বাস্তবায়ন নিশ্চিত করতে শুন্যপদ পূরণ খুবই জরুরি।

| ক্রঃ নং | অনুমোদিত জনবল | কর্মরত জনবল | শূণ্যপদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ০৬ | ০৩ | ০৩ | |
| | ১। স্যাকমো-১ জন<br>২। ফার্মাসিস্ট-১ জন<br>৩। এফডব্লিউভি-২ জন<br>৪। এমএলএসএস/নিরাপত্তা প্রহরী-১ জন<br>৫। আয়া-১ জন | ১। স্যাকমো-১ জন<br>২। এমএলএসএস/নিরাপত্তা প্রহরী-১ জন<br>৩। আয়া-১ জন | ১। ফার্মাসিস্ট-১ জন<br>২। পরিবার কল্যাণ পরিদর্শিকা-২ জন | শূণ্যপদ পূরণে জরুরি ব্যবস্থা গ্রহণ আবশ্যক। |

<u>সার্বিক মন্তব্যঃ</u> সন্দ্বীপ উপজেলা দেশের মূল ভূখন্ড থেকে বিচ্ছিন্ন একটি দ্বীপ উপজেলা। লক্ষেরও বেশী লোক এখানে বসবাস করে। অতি ঘনবসতিপূর্ণ এই উপজেলায় জরুতি স্বাস্থ্য সেবা নিশ্চিতের জন্য ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রয়োজনীয় জনবল পদায়ন করে মূল ভূখন্ড থেকে চিকিৎসা সেবা বঞ্চিত জনগণকে সরকারের স্বাস্থ্য সেবা পৌঁছে দেয়ার অঙ্গীকার বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা যাতে গ্রহণ করেন-এ বিষয়ে মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা যায়।

২৭/১০/২০২১

মোঃ শাহাদাৎ হোসাইন
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ফোন-৯৫৪৬১২২

নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-৬৯

তারিখঃ ১৯.১০.২০২১ খ্রিঃ।

<u>বিতরণ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
।দৃঃ আঃ অতিরিক্ত সচিব (উন্নয়ন)।
২। মহাপরিচালক (গ্রেড-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পঃ কঃ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৫। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫/১০৬, মতিঝিল, ঢাকা।
৬। যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৭। বিভাগীয় পরিচালক (যুগ্মসচিব), পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৮। পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং লাইন ডাইরেক্টর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৯। সিভিল সার্জন, চট্টগ্রাম।
১০। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম।

২৭/১০/২০২১

মোঃ শাহাদাৎ হোসাইদ
অতিরিক্ত সচিব (উন্নয়ন)